



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী  
ঋণ ও অগ্রিম বিভাগ-২

Si. ME  
১০/০৫/১৬  
MR. Hamit  
০৫/০৫/১৬

প্রকা/ঋণঅবি-২(৬৮)/পরিপত্র নং-০১/২০১৬

তারিখ : ০২-০৫-২০১৬

সকল শাখা ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

**বিষয়: North West Crop Diversification Project (NCDP) এবং বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়নের আওতায় অন্যান্য ঋণ কর্মসূচির ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ ঋণের সুদহার প্রসংগে।**

এডিবি'র অর্থায়নে বিগত ২০০১ সালে North West Crop Diversification Project (NCDP) এর কার্যক্রম শুরুর পর ২০০২ সাল থেকে অংশগ্রহণকারী ৪ টি এনজিও'র (ব্র্যাক, প্রশিকা, আরডিআরএস এবং জিকেএফ) অনুকূলে ঋণ বিতরণ করা হচ্ছে। কর্মসূচিটির আওতায় বাংলাদেশ ব্যাংক ও রাকাব এবং অংশগ্রহণকারী এনজিওদের মধ্যে সম্পাদিত চুক্তি মোতাবেক এনজিওদের অনুকূলে ২০ মাস মেয়াদে ৬% সরল সুদে ঋণ বিতরণ করা হয়। উল্লেখ্য, এডিবি'র অর্থায়নকৃত অর্থ বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্তি সাপেক্ষে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ পূর্বক এনজিও ভিত্তিক ঋণের অর্থ বিভাজন ও মঞ্জুরি দেয়া হয়। কর্মসূচির আওতায় অংশগ্রহণকারী এনজিওদের মর্মে কোন কোন এনজিও'র ঋণের কিস্তি মেয়াদোত্তীর্ণ ও শ্রেণীবিন্যাসিত হয়ে পড়েছে। প্রসংগত উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক হতে এনসিডিপি'র আওতায় রাকাব এর অনুকূলে ২৪ মাস মেয়াদে ঋণের অর্থ মঞ্জুর করা হয়ে থাকে। ঋণের অর্থ প্রদানের ২৪ মাস পর বাংলাদেশ ব্যাংক কর্তৃক রাকাব এর নিকট থেকে সমুদয় ঋণের অর্থ ৩.৫% সুদসহ আদায় করে নেয়া হয়। ফলে রাকাব কর্তৃক এনজিওকে ঋণ প্রদানের ২৪ মাসের মধ্যে এনজিও যদি রাকাবকে ঋণ পরিশোধ না করে সেক্ষেত্রে অনাদায়ী ঋণ স্থিতি রাকাবের নিজস্ব তহবিল থেকে বিনিয়োগে পরিণত হয়। বাংলাদেশ ব্যাংক কর্তৃক কিস্তির টাকা কেটে নেয়ার পরেও অনাদায়ী ঋণের উপর ৬% হারে সুদারোপ চালু রাখা ব্যাংকের Cost Of Fund বিবেচনায় যৌক্তিক হয় না।

০২। উপরোল্লিখিত বিষয়ে গত ১৩.০৪.২০১৬ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৪৪০তম সভায় একটি সারসংক্ষেপ পেশ করা হয়। পরিচালনা পর্ষদ কর্তৃক বিষয়টি বিশদভাবে পর্যালোচনাতে North West Crop Diversification Project (NCDP) এর আওতায় মেয়াদোত্তীর্ণ ঋণের সুদহারের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয় :

- “(০১) এনসিডিপি'র আওতায় এনজিওদের অনুকূলে প্রদত্ত ঋণের সুদহার ঋণ প্রদানের তারিখ থেকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঋণের কিস্তি কর্তন করার দিন পর্যন্ত সুদহার ৬% প্রযোজ্য হবে;
- (০২) পরবর্তী সময়ে বিতরণকৃত ঋণের অনাদায়ী ঋণ স্থিতির উপর ব্যাংকের প্রচলিত সুদহার (বর্তমানে ১১%) প্রযোজ্য হবে;
- (০৩) যদি কোন এনজিও নির্ধারিত সময়ের মধ্যে ঋণের সমুদয় অর্থ সুদসহ পরিশোধে ব্যর্থ হয় সেক্ষেত্রে শাখা কর্তৃক সুদহারের বিষয়টি সংশ্লিষ্ট এনজিও কে তাৎক্ষণিকভাবে অবহিত করতে হবে এবং পত্রের কপি ঋণ ও অগ্রিম বিভাগ-২ এ প্রদান করতে হবে;
- (০৪) বর্ষিত সুদ হারের ভিত্তিতে নিরূপিত ঋণ স্থিতি ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট এনজিওকে এবং ঋণ ও অগ্রিম বিভাগ-২ কে অবহিত করতে হবে;
- (০৫) সুদারোপের আলোচ্য বিষয়টি এখন হতে নতুন ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ঋণ মঞ্জুরিপত্রে সংযোজন করতে হবে; এবং
- (০৬) এনসিডিপি ছাড়াও বাংলাদেশ ব্যাংকের রিফাইন্যান্স কর্মসূচির আওতায় সময়াবদ্ধ পরিশোধ সূচির ভিত্তিতে প্রচলিত অন্যান্য খাত (ব্যাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন ঋণের আওতায় দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ঋণ, রেয়াতি সুদ হারে অন্যান্য খাত যেমন ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা খাতে প্রদত্ত ঋণ) সমূহের বিষয়েও একই ধরনের সিদ্ধান্ত কার্যকর হবে।”

- ০৩। এমতাবস্থায়, এখন থেকে North West Crop Diversification Project (NCDP) এবং ব্যাংলাদেশ ব্যাংকের রিফাইন্যান্স কর্মসূচির আওতায় প্রচলিত অন্যান্য খাতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের উপরোল্লিখিত সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।
- ০৫। ইহা অবিলম্বে কার্যকর হবে। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-



(মোঃ সাইদুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক

টেলিফোন : ০৭২১-৮৬২৪৬২

প্রকা/ঋওঅবি-২/(৬৮)/২০১৫-২০১৬/৩২০(৪২৭)

তারিখ : ০২.০৫.২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, নিরীক্ষা, হিসাব ও আদায়/পরিচালন/প্রশাসন মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী / রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। উপমহাব্যবস্থাপক, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক। (জেনারেল আওতাবীন সকল শাখায় পরিপত্রের কপি প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
- ০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
- ১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১৩। অফিস নথি/মহানথি।



(শওকত শহীদুল ইসলাম)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা